যুগান্তর

তারিখ 03 APR 2018
পৃষ্ঠা ১৮ কলাম ২

জিম্মি করে প্রবেশপত্রের জন্য অতিরিক্ত টাকা আদায়

# ৪০ মিনিট পর পরীক্ষায় বসল ৭ পরীক্ষার্থী

দিনাজপুর প্রতিনিধি

এইচএসসি পরীক্ষা শুরুর ৪০ মিনিট পর অতিরিক্ত ৫০০ টাকা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করে পরীক্ষা কেন্দ্রে হাজির হয়েছেন সাত শিক্ষার্থী। দিনাজপুরের খানসামা উপজেলার পাকেরহাট ডিগ্রি কলেজ ভোকেশনাল কেন্দ্রে এ ঘটনা ঘটে। গোয়ালডিহি টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের ওই সাত শিক্ষার্থীকে জিম্মি করে প্রবেশপত্রের জন্য অতিরিক্ত ৫০০ টাকা আদায়ের অভিযোগ উঠেছে কলেজের অধ্যক্ষ মো. মুজিবর রহমান ও প্রভাষক জীতেনের বিরুদ্ধে। ছাত্রদের কাছে টাকা না থাকায় পরীক্ষায় দেরি হলেও বাড়ি থেকে টাকা আনতে তাদের বাধ্য করেন ওই দুই শিক্ষক।

সোমবার গোয়ালডিহি টেকনিক্যাল কলেজের ছাত্র মো. এনামুল হক, আ. রাহাত, হিটলার রায়, মো. আল-আমিন, মো. আসাদুজ্জামান, মো. মাসুদ ও মোত্তাকিম উপজেলা নির্বাহী অফিসার বরাবর অভিযোগ করেন। অভিযোগে তারা জানান, ফরম পূরণের সময় প্রত্যেক ছাত্রের কাছে ৩ হাজার টাকা করে নিয়ে অধ্যক্ষ ছাত্রছাত্রীদের কাছ থেকে পরে আর কোনো টাকা না নেয়ার আশ্বাস দেন। সেই মোতাবেক ছাত্ররা পরীক্ষার আগে প্রবেশপত্র নিতে গেলে আবারও অধ্যক্ষ অতিরিক্ত ৫০০ টাকা দাবি করেন। ছাত্ররা উপায় না পেয়ে ২০০ টাকা করে দিতে চাইলে অধ্যক্ষ ছাত্রদের সাফ জানিয়ে দেন, '৫০০ টাকার এক টাকা কম হলেও প্রবেশপত্র দেয়া হবে না। বেকার ঘোরাঘুরি করে কোনো লাভ নেই, বাড়ি যাও, টাকা নিয়ে এসে প্রবেশপত্র নাও।'

সময় না থাকায় বাধ্য হয়ে পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে চলে যান। কিন্তু কেন্দ্র সচিব তাদের বের করে দেন। পরে বাড়ি থেকে টাকা এনে কলেজে গিয়ে প্রবেশপত্র সংগ্রহ করে পরীক্ষা শুরুর প্রায় ৪০ মিনিট পর পরীক্ষায় অংশগ্রহণ করেন পরীক্ষার্থীরা।

এ বিষয়ে পরীক্ষার্থী এনামুল হক বলেন, পরীক্ষা শুরুর পর টাকা না পেয়ে আমি আমার ফুফাতো ভাই শফিক ও এক ছোট ভাই প্রিন্সকে কলেজের প্রভাষক জিতেনের কাছে জিম্মায় রেখে প্রবেশপত্র সংগ্রহ করেছি। পরে প্রবেশপত্র বাবদ টাকা দিয়ে তাদের আসতে হয়েছে। গোয়ালডিহি টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ মো. মুজিবর রহমান ও প্রভাষক জীতেনের কাছে জানতে চাইলে তারা প্রথমে বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার ও সাংবাদিকদের সামনে অস্বীকার করেন। পরে স্বীকার করেন মিষ্টি খাওয়ার জন্য ছাত্রদের কাছে ৫০০ টাকা করে চাওয়া হয়েছে। তবে ১৯৪ জন পরীক্ষার্থীর অনেকে টাকা দেননি বলেও তারা জানান।

এ বিষয়ে পরীক্ষা শেষে কয়েকজন পরীক্ষার্থীর সঙ্গে কথা বলে জানা যায়, কমবেশি প্রত্যেক পরীক্ষার্থীর কাছেই প্রবেশপত্র বাবদ ৫০০ টাকা করে হাতিয়ে নিয়েছেন অধ্যক্ষ মুজিবর রহমান ও প্রভাষক জীতেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
ডায়েরি নং ....................

| | |
|---|---|
| ... বিভাগ | |
| এম.পি বিভাগ | |
| ... ম্যানেজার | |
| ... সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| ... | |

...কার্যার্থে/জ্ঞাতার্থে